আজকের কাগজ

তারিখ 05 JAN 1993
পৃষ্ঠা ৬ কলাম ২

কোচিং করা না করা ঐচ্ছিক তবে, চার্জ আবশ্যকীয়

# ফেনীতে এসএসসি পরীক্ষার বাড়তি ফিস আদায়

ফেনী জেলার ৫টি থানার প্রত্যেকটি সরকারি ও বেসরকারি বিদ্যালয়ে এসএসসি পরীক্ষার্থীদের কাছ থেকে বোর্ড নির্ধারিত ফি'র চেয়ে কয়েকগুণ বেশি ফি আদায়ের সুস্পষ্ট অভিযোগ পাওয়া গেছে। জেলার প্রতিটি বিদ্যালয়ে বোর্ডের নিয়ম উপেক্ষা করে পরীক্ষার্থীদের কাছ থেকে কোচিং ফি, বিল্ডিং ফি, ক্রীড়া ফি, মিলাদ ও পূজা ফি, গ্রন্থাগার ফি, স্কাউট ফি, দফতরী ফি ও পিকনিক ফিসহ আরো অনেক কাল্পনিক ফি–এর উল্লেখ করে নির্ধারিত ফি'র চেয়ে প্রায় ৫ গুণ বেশি টাকা আদায় করা হচ্ছে। এই উল্লেখিত অতিরিক্ত ফি আদায় না হলে ফরম পূরণ করতে দেয়া হচ্ছে না, ফলে অভাবী ও দরিদ্র অভিভাবকরা অর্থাভাবে ছেলে–মেয়েদের ফরম ফিলাপের টাকা জোগাড়ে হিমশিম খাচ্ছে। কেউ কেউ সহায়–সম্বল বিক্রি করে এই বড় অংকের টাকার ব্যবস্থা করছে। কোনো ছাত্র–ছাত্রী কোচিংয়ে অংশগ্রহণ না করলেও তাকে কোচিং চার্জ অবশ্যই দিতে হবে। এ ব্যাপারে জনৈক অভিভাবকের মন্তব্য "কোচিং করা না করা ঐচ্ছিক তবে চার্জ আবশ্যকীয়। এ ব্যাপারে এ প্রতিনিধি কালীদহ হাইস্কুলের প্রধান শিক্ষক গোবিন্দ চন্দ্র পালের কাছে জানতে চাইলে তিনি বলেন, কোচিং চার্জের বেলায় বোর্ডের কোনো নিয়ম না থাকলেও প্রত্যেক স্কুলই কোচিং চার্জ নেয়। সে হিসেবে আমরাও নিচ্ছি। তবে, চার্জগুলো অবৈধ নয়, কারণ এই কোচিংয়ের জন্যে প্রত্যেক শিক্ষকদের বাড়তি খাটুনি দিতে হয়। উল্লেখ্য যে, এ কোচিং চলে স্কুল সময়ে। ফেনী থেকে জাহিদ উল হক সেলিম।